



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭-৮১, ৮৮১১৬৬৬৫, হটলাইন: ১৬১১১৯

E-mail: dg@bsti.gov.bd, bsti@bangla.net, Website: www.bsti.gov.bd



মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন।

স্মারক নং ৩৬.০৫.০০০০.০০৩.৪২.০৫৪.১৭ / ৩২৪৩ (২)

তারিখ: ২০ অগ্রহায়ন ১৪২৮ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ এডিবল অয়েল লিমিটেড
উত্তর রূপসী, রূপগঞ্জ
নারায়ণগঞ্জ।

বিষয়: আমদানিকৃত Fortified Edible Sunflower Oil পণ্যের অনুকূলে সাময়িক ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

আপনার আবেদনের প্রেক্ষিতে কাস্টমস কর্তৃপক্ষ, আমদানিকারকের প্রতিনিধি এবং বিএসটিআই'র প্রতিনিধির উপস্থিতিতে এবং স্বাক্ষরে ভারত হতে আমদানিকৃত পণ্য ফর্টিফাইড এডিবল সানফ্লাওয়ার অয়েল হিসেবে নমুনা সংগ্রহ করে BDS 1773:2016 অনুযায়ী পরীক্ষাভুক্ত ভিটামিন 'এ' প্যারামিটারে অকৃতকার্য হওয়ায় নিম্নবর্ণিত স্মারক ছাড়পত্র প্রদান প্রত্যাখান করা হয়।

- (ক) স্মারক নং ৩৬.০৫.২০১৫.০০৮.৮৫.৩৯১.২১.২৩০৮, তারিখ: ১৬.১১.২০২১;
- (খ) স্মারক নং ৩৬.০৫.২০১৫.০০৮.৮৫.৫৬৫.১৬.২০১৭, তারিখ: ৩১.১০.২০২১;
- (গ) স্মারক নং ৩৬.০৫.২০১৫.০০৮.৮৫.৫৬৬.১৬.১৮০৭, তারিখ: ১৯.১০.২০২১
- (ঘ) স্মারক নং ৩৬.০৫.২০১৫.০০৮.৮৫.৩৯১.২১.২০৮৯, তারিখ: ০২.১১.২০২১

কিন্তু বর্ণিত চালানের মাধ্যমে আমদানিকৃত পণ্য নিজস্ব কারখানায় নির্ধারিত মাত্রায় ভিটামিন 'এ' Fortification করে বাজারজাতকরণের বিষয়ে আপনার দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে নিম্নের বিবরণ ও শর্তানুযায়ী সাময়িকভাবে ছাড়পত্র প্রদান করা হল।

ছাড়পত্র গ্রহনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	: বাংলাদেশ এডিবল অয়েল লিমিটেড উত্তর রূপসী, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
আমদানিকৃত পণ্যের নাম ও ব্রান্ড	: Fortified Edible Sunflower Oil; Kings
এল সি নম্বর ও তারিখ	: 285921011660, dt: 18.07.2021
বিল অব এন্ট্রি নম্বর ও তারিখ	: C 1622312; dt: 07.10.2021, C 1665955; dt: 16.10.2021, C 1704066; dt: 24.10.2021 & C 1770304; dt: 04.11.2021
আমদানিকৃত পণ্যের পরিমাণ	: 238.203 MT

শর্তাবলী :

- ❖ দেশে নির্ধারিত মাত্রায় ভিটামিন 'এ' Fortification/ভিটামিন 'এ' সমন্বয় করে বিএসটিআই হতে বাংলাদেশ মান (বিডিএস ১৭৭৩:২০১৬) অনুযায়ী ফর্টিফাইড এডিবল সানফ্লাওয়ার অয়েল পুনরায় পরীক্ষণপূর্বক পণ্যটির অনুকূলে ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং চূড়ান্ত ছাড়পত্র গ্রহণ না করা পর্যন্ত পণ্যটির বিক্রয়/বিতরণ করা যাবে না।
- ❖ বিএসটিআই হতে ফর্টিফাইড এডিবল সানফ্লাওয়ার অয়েল পণ্যের অনুকূলে ছাড়পত্র গ্রহণ ব্যতিত পণ্যের মোড়কে কোনভাবেই মান চিহ্নযুক্ত করাসহ বিক্রি-বিতরণ করা যাবে না। আলোচ্য চালানের মাধ্যমে আমদানিকৃত সমুদয় পণ্য আপনার কারখানায় সংরক্ষণ করতে হবে।
- ❖ ভিটামিন 'এ' Fortification এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পর অত্রাফিসকে অবহিত করতে হবে।

এই সাময়িক ছাড়পত্র জারীর মাধ্যমে বিএসটিআই বিভাগীয় অফিস, চট্টগ্রাম হতে সম-স্মারকে জারীকৃত ছাড়পত্র প্রত্যাখ্যান পত্র সাময়িকভাবে স্থগিত করা হলো।

(মোঃ নূরুল আমিন)

পরিচালক (সিএম)

টেলিফোন: ৪৮১১৬৬৬৫।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১। কমিশনার অব কাস্টমস, কাষ্টমস হাউজ, চট্টগ্রাম। বর্ণিত চালানের মাধ্যমে আমদানিকৃত ফর্টিফাইড এডিবল সানফ্লাওয়ার অয়েল দেশে নির্ধারিত মাত্রায় ভিটামিন 'এ' Fortification করার লক্ষ্যে সাময়িক ছাড়পত্র প্রদান করা হলো এবং পরবর্তীতে নমুনা পরীক্ষাভুক্ত সন্তোষজনক পাওয়া সাপেক্ষে চূড়ান্ত ছাড়পত্র/বাজারজাতের অনুমতি প্রদান করা হবে।

২। উপপরিচালক (সিএম) ও অফিস প্রধান
বিএসটিআই, জম্বুরী মাঠ, আগ্রাবাদ, চট্টগ্রাম।

৩৪২